

ভারত সফর সংক্রান্ত প্রতিবেদন

সময় কাল ০৮-১৪ জুন ২০১৬

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নির্দেশন মোতাবেক ০৮/০৬/২০১৬ তারিখে ভারতের নয়া দিল্লির উদ্দেশ্যে রওনা হই এবং সন্ধ্যা ৭.০০ ঘটিকায় হযরত শাহাজালাল আন্তর্জাতিক বিমান বন্দর ঢাকা উপস্থিত হই। অতপর ইয়ার ইন্ডিয়া বিমান যোগে ৯.৫০ মিনিটে ঢাকা ত্যাগ করি এবং কলকাতা নেতাজি সুভাস চন্দ্র বসু আন্তর্জাতিক বিমান বন্দর সারা রাত নিরুন্ম অবস্থায় কাটায় তারপর ৯/০৬/২০১৬ তারিখে সকাল ৮.৩০ ঘটিকায় দিল্লি ইন্দিরা গান্ধি বিমান বন্দরে উপস্থিত হই। সেখান হতে স্থানীয় গাইডের সহায়তায় নয়া দিল্লি হোটেল ইন্টার্ন ইন-এ সকাল ১২.০০ ঘটিকায় পৌছায়।


প্রশিক্ষণের জন্য আমাদের ভেন্যু ছিল নয়া দিল্লির BASE Training Center আমরা নিয়মিত এ প্রশিক্ষণে অংশ গ্রহণ করি। প্রশিক্ষণের মূল বিষয় ছিল Knowledge Based Education and Knowledge Based Learning আমাদের প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন Mrs Shivani Gupta and Ms Garima Chopra উক্ত Course যে বিষয় গুলো include ছিল তা হলো Theory, Activity design, art and craft, story presentation, Rhymes and Phonics, Presentation of different modules, Material presentation and revise, etc.

শিশুদের কিছু কার্যক্রম যেমন Development of auto Skinn, Care of Enviornment, Care of Self, Social Grace and Cartice আমাদের বেশ ভালো লেগেছে। এ সকল বিষয় আলোচনার পাশাপাশি সকলে হাতে কলমে কাজ করেছি। এরপর দলে ভাগ হয়ে শ্রেণীপাঠ পর্যবেক্ষণ করে সকলে মিলে পর্যালোচনা করেছি। টিমের সকলে এতে স্বতস্কৃতভাবে অংশ গ্রহণ করেছে।

প্রশিক্ষণের পাশাপাশি প্রতিদিন বিকালে স্থানীয় গাইড- জনাব গৌরভ ভার্মা এর সহায়তায় বিভিন্ন দর্শনীয় স্থান যেমন: রেড ফোর্ড, শাহী মসজিদ, লোটাস টেম্পল, ইন্ডিয়া গেট, কুতুব মিনার, আত্রা ফোর্ড, আত্রা তাজমহল ইত্যাদি ঐতিহাসিক স্থান সমূহ পরিদর্শন করে বাস্তব জ্ঞান অর্জন করতে সক্ষম হয়েছি। প্রত্যেকেই আমাদের আন্তরিকতার সাথে সহযোগিতা করেছেন। অবশেষে ১৪/০৬/২০১৬ তারিখে দুপুর ২.০২৫ মিনিটে ইয়ার ইন্ডিয়া বিমান যোগে কলকাতা হয়ে রাত ৮.৩০ মিনিটে ঢাকা পৌছি।

প্রশিক্ষণের কিছু সীমাবদ্ধতাঃ

- ১। গাইড বইতে কোন প্রতিষ্ঠানে প্রশিক্ষণ হবে তা উল্লেখ না থাকায় কলকাতা নেতাজি সুভাস চন্দ্র বসু আন্তর্জাতিক বিমান বন্দর এ ইমেগ্রেশনে কিছু সমস্যার সম্মুখীন হতে হয়েছে।
- ২। প্রশিক্ষণ প্রতিষ্ঠান BASE Training Center একটি কিন্ডার গার্টেন বিদ্যালয় ছিল যা শুধু মাত্র প্রি-প্রাইমারী শিক্ষা প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য। প্রশিক্ষক ও প্রশিক্ষণের মান সন্তোষজনক ছিল না। ফলে আমাদের কিছু অস্পষ্টতা থেকে যায়।
- ৩। ভবিষ্যতে এ ধরনের Study Tour আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন প্রতিষ্ঠানের সম্পৃক্ততা প্রয়োজন।
- ৪। ভারতের সরকারি কর্মকর্তাদের সাথে আন্তঃসংযোগ ও বিদ্যালয় সমূহের পরিদর্শনের মাধ্যমে বাস্তব জ্ঞান আহরনের সুযোগ থাকা প্রয়োজন ছিল বলে আমাদের নিকট প্রতীয়মান হয়েছে।


মোঃ নবী হোসেন তালুকদার
উপপরিচালক (অর্থ)